31

তারিখ 26 MAY 1996
পৃষ্ঠা 2 কলাম ৫

দৈনিক সংবাদ

## মাধ্যমিক শিক্ষক সমিতির (কৃষি) নতুন কমিটি

বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির (কৃষি) নতুন কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গত ২৪শে মে গঠন করা হয়েছে। ১১ সদস্যবিশিষ্ট এই কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মোঃ গনী মিয়া বাবুল এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মোস্তফা আনোয়ার। শেরে বাংলা নগরস্থ এ,টি,আই সেমিনার কক্ষে এম,ডি জাহিদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। সমিতির নির্বাচিত অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি সাইদুর রহমান, যুগ্ম-সম্পাদক গোলাম আজম হিরণ, সাংগঠনিক সম্পাদক কাজী নিজামুল ইসলাম, অর্থ সম্পাদক মোঃ খোরশেদ আলম, দপ্তর সম্পাদক আমিনুল ইসলাম, প্রচার সম্পাদক হাবিব পারভেজ, মহিলা সম্পাদিকা শাহনাজ বেগম লাইজু, সদস্য আঃ কুদ্দুস ও সাখাওয়াত উল্লাহ শামীম। খবর সংবাদ বিজ্ঞপ্তির।